

তানোর উপজেলার ডিসেম্বর/২০২৩ খ্রি. মাসে অনুষ্ঠিত চোরাচালান প্রতিরোধ টাঙ্কফোর্স সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: বিল্লাল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
তানোর, রাজশাহী

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, তানোর, রাজশাহী।

সভার তারিখ : ১১/১২/২০২৩ খ্রি.

সময় : সকাল ১১:৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী ছাড়াই সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। অতঃপর নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
০১	ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির কার্যক্রম পর্যালোচনা	ইউনিয়ন পর্যায়ে চোরাচালান প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন করা খুবই গুরুত্বপূর্ণ। কেননা ইউনিয়ন পর্যায়ে থেকে কার্যকরভাবে চোরাচালান বন্ধের পদক্ষেপ গ্রহণ করা হলে চোরাচালান প্রতিরোধ ফলপ্রসূ হবে। প্রতিটি ইউনিয়নে যাতে নিয়মিত চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়, সে বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং সেই সাথে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত চোরাচালান কমিটির সভার কার্যবিবরণীতে ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত সভার তথ্য উপস্থাপনের জন্য সভায় আলোচনা করা হয়।	১। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত চোরাচালান প্রতিরোধ কমিটির সভা আয়োজন করতে হবে। ২। ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্য উপজেলা কমিটির কার্যবিবরণীতে উল্লেখ করতে হবে।	চেয়ারম্যান (সকল) ইউপি, তানোর, রাজশাহী।
০২	চোরাচালান প্রতিরোধ কার্যক্রমের অগ্রগতির আলোচনা	সভাপতির নির্দেশক্রমে বিভিন্ন দপ্তর কর্তৃক পরিচালিত চোরাচালান বিরোধী অভিযানের তথ্য উপস্থাপন করা হয়। বিবেচ্য নভেম্বর, ২০২৩খ্রি. মাসে তানোর থানা, তানোর এর নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায়, বিভিন্ন জায়গায় আদিবাসীরা মাদকদ্রব্য ও চোরাচালানের সাথে সম্পৃক্ত। নভেম্বর/২০২৩খ্রি. মাসে মাদকবিরোধী ৫৮টি অভিযানে চোলাইমদ ২৩৫ লিটার, গাঁজা ৩০০ গ্রাম, গাঁজা -০৬ গ্রাম উদ্ধার করা হয়েছে। মোট ০৯টি মামলায় ১০ জনকে আসামী করা হয়েছে।	১। চোরাচালান প্রতিরোধে সকল আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং গোয়েন্দা সংস্থাকে আরো তৎপর থাকার অনুরোধ করা হয়। ২। চোরাচালান প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নিয়ে মামলা সংখ্যা বৃদ্ধির জন্য পুলিশ বাহিনীকে অনুরোধ করা হয়।	১। অফিসার-ইন-চার্জ, তানোর, রাজশাহী।

৫২

০৩	বিবিধ আলোচনা	<p>১। সভাপতির বক্তব্যে টাঙ্কফোর্সের অভিযানের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। বিভিন্ন দপ্তরের সমন্বয়ে টাঙ্কফোর্সের অভিযান অব্যাহত রাখার অনুরোধ করা হয়। চোরাচালান প্রতিরোধে সংশ্লিষ্ট বাহিনীকে অধিক তৎপর থেকে চোরাচালান প্রতিরোধে এগিয়ে আসা এবং জনসচেতনতামূলক প্রচার প্রচারণা চালানো প্রয়োজন।</p>	<p>১। চোরাচালান প্রতিরোধে কর্মপরিকল্পনা মোতাবেক টাঙ্ক ফোর্সের অভিযান অব্যাহত রাখতে হবে।</p> <p>২। জনসচেতনতামূলক প্রচার প্রচারণা চালাতে অনুরোধ করা হয়।</p>	সংশ্লিষ্ট সকল
----	--------------	---	--	---------------

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও চোরাচালান প্রতিরোধ টাঙ্কফোর্সে সম্মিলিতভাবে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মো: বিল্লাল হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা চোরাচালান প্রতিরোধ টাঙ্কফোর্স কমিটি

তানোর, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তানোর, রাজশাহী
www.tanore.rajshahi.gov.bd

স্মারক নং : ০৫.৪৩.৮১৯৪.০০০.০২.১১৬.২৩-১৫৬০

তারিখ : ২৬ অগ্রহায়ণ ১৪৩০বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০২৩খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। জনাব আলহাজ্ব ওমর ফারুক চৌধুরী, সংসদ সদস্য, রাজশাহী-১ (গোদাগাড়ী – তানোর) নির্বাচনী এলাকা।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। পুলিশ সুপার, রাজশাহী।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী।
- ০৫। মেয়র, তানোর/মুন্ডুমালা পৌরসভা, তানোর, রাজশাহী।
- ০৬। উপজেলা..... অফিসার/অফিসার ইনচার্জ, তানোর থানা, তানোর, রাজশাহী।
- ০৭। চেয়ারম্যান, কলমা/ বাধাইড়/পাঁচন্দর/সরনজাই/তালন্দ/কামারগাঁ/চাঁদুড়িয়া ইউনিয়ন পরিষদ, তানোর, রাজশাহী।
- ০৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..... কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদরাসা
তানোর, রাজশাহী।
- ০৯। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, তানোর, রাজশাহী।
- ১০। সভাপতি/সম্পাদক তানোর, রাজশাহী।
- ১১। জনাব তানোর, রাজশাহী।
- ১২। অফিস কপি।



(মো: বিল্লাল হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার

তানোর, রাজশাহী

ফোন : ০২৪৭৮-৫১০০২

ই-মেইল: unotanore@mopa.gov.bd